



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700019
2nd Term: Answer Work Sheet - 14



Class: 4

Subject: Bengali Text (ভোম্বোল সর্দার)

Date: 18 /09/2020

১। ভোম্বোল গ্রামে ঢুকে কী দেখতে পেল ?

উঃ ভোম্বোল গাঁয়ে ঢুকে দেখল গাঁখানা বেশ বড়ো। গাঁয়ের বাঁদিকে কুমোরবাড়ি। দুর্গাপূজোর আর দেরি নেই। কুমোরের পো একখানা দুর্গা ঠাকুর গড়ছে। ঠাকুরটি প্রায় শেষ করে এনেছে।

২। ভোম্বোল কেন কিভাবে গাছে উঠেছিল ?

উঃ ভোম্বোলের খুব খিদে পেয়েছিল সে তার কাপড়ের খুটে বাঁধা নাসপাতিটা খেতে লাগল। সে এদিক ওদিক দেখতে দেখতে কুমোরের বাড়ির পেছনে একটা বাতাবি লেবু গাছ দেখতে পেল। গাছটাতে পাকা পাকা বাতাবি লেবু ঝুলছিল। লেবুগুলো দেখে তার খুব লোভ হলো, কাউকে কোথাও না দেখতে পেয়ে সে কাপড়খানা গুছিয়ে কাঠবিড়ালির মতো গাছে উঠেছিল।

৩। ভোম্বোল কিভাবে পালিয়ে গেল ?

উঃ ভোম্বোল বাতাবিলেবু খাবার জন্য যখন গাছে উঠেছিল তখন ডালপালার সড়সড় শব্দে কুমোরের বউ জানতে পেরে চিৎকার করেছিল। তার চিৎকার শুনে কুমোর ও গাছের তলায় এসে হাজির হলো। তারা দুজনেই ভোম্বোলকে নামতে বলল কিন্তু ভোম্বোল তাদের ভয়ে নামতে পারল না। তাই দেখে কুমোর গাছে উঠল। তখন বেগতিক দেখে ভোম্বোল রান্নাঘরের চালে লাফ দিল। সেখান থেকে নিচে নেমে একছুট। বাঁশঝাড় ও ডোবা পেরিয়ে সড়ক, তারপর বাঁশতলা দিয়ে পালিয়ে গেল।

৪। তাঁর চিৎকার শুনে কে কেন কোঁতকা হাতে ছুটে এসেছিল ?

ঊঃ কুমোরের বউয়ের চিৎকার শুনে কুমোর কোঁতকা হাতে ছুটে এসেছিল ।
ভোম্বোল কুমোরের বাতাবিলেবু গাছে উঠছিল লেবুপাড়ার জন্য । কুমোর তার
গাছের ফল কাউকে দিত না । তাই ভোম্বোলকে গাছ থেকে নামাবার জন্য, কুমোর
কোঁতকা হাতে ,গাছের তলায় দাঁড়িয়ে চিৎকার করছিল ।

Manashi Chaudhuri